৭এপিবিএনে ডিসেম্বর মাসের শ্রেষ্ট অফিসার হলেন এএসআই পাবেল

চেম্বার ডেস্ক: ৭আর্মড পুলিশ ব্যাটালিয়ন সিলেটের জানুয়ারী/২৪ খ্রিঃ
মাসের মাসিক কল্যান সভায় ৭এপিবিএন সিলেটের মিডিয়া সেলে সঠিক ভাবে দায়িত্ব পালন, সাংবাদিকদের সাথে সমন্বয়, নিউজ করাসহ অফিসিয়াল ফেইসবুক পেইজ দক্ষতার সহিত পরিচালনার জন্য মিডিয়া উইংয়ের এএসআই (সঃ) ক্লার্ক মোঃ পাবেলকে শ্রেষ্ট অফিসার হিসাবে পুরস্কৃত করেন ব্যাটালিয়ানের অধিনায়ক অতিরিক্ত ডিআইজি খন্দকার ফরিদুল ইসলাম।

বৃহস্পতিবার (২৫ জানুয়ারি) সকাল ১০.৩০ ঘটিকার সময় ৭এবিপিএন সদরদপ্তর লালাবাজার সিলেট হলরুমে রিজার্ভ অফিসার এসআই টিপু সুলতান এর পরিচালনায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্যাটালিয়ন এর অধিনায়ক, অতিরিক্ত ডিআইজি খন্দকার ফরিদুল ইসলাম। উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার মোঃ মফিজুল ইসলাম, এএসপি মোঃ আসাবুর রহমান, মেডিক্যাল অফিসার ডাঃ রুহুল আমিন খান রিজভী। অস্থায়ী হেডকোয়ার্টার্স খাগড়াছড়ি থেকে অনলাইনে যুক্ত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার মোঃ মোস্তফা হারুন, এএসপি দেলোয়ার হোসেন, এএসপি আবুল হাসান মোঃ যাঈদ। সদরদপ্তর সিলেট, খাগড়াছড়ি এবং ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর ক্যাম্প থেকে পুলিশ পরিদর্শকগনসহ বিভিন্ন পদমর্যাদার অফিসার ও ফোর্সগন উপস্থিত ও অনলাইনে সংযুক্ত ছিলেন।

মাসিক অপরাধ ও কল্যান সভায় ফোর্সের কাছ থেকে বিভিন্ন প্রস্তাব গ্রহন করে কিছু কিছু বিষয় তাৎক্ষণিক সমাধান করা এবং কিছু কিছু বিষয় সমাধান করার জন্য সংশ্লিষ্ট অফিসারকে নির্দেশ দেন অতিরিক্ত ডিআইজি খন্দকার ফরিদুল ইসলাম।

তিনি দেশ ও জাতির কল্যানে সঠিক ভাবে নিজ নিজ দায়িত্ব পালন করাসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার, হারানো মোবাইল উদ্ধার, বিকাশ প্রতারনা সহ সাইবার ক্রাইম প্রতিরোধে আরো জোরালো ভাবে কাজ করতে সবাইকে নির্দেশ দেন।

এছাড়া ডিসেম্বর/২৩ মাসে বিভিন্ন ক্যাটাগরিতে শ্রেষ্টত্বের জন্য এএসপি আসাবুর রহমান, মেডিক্যাল অফিসার ডাঃ রুহুল আমিন খান রিজভী, পুলিশ পরিদর্শক মোঃ মিজানুর রহমান, এএসআই মোঃ হেলাল মিয়া,